চুয়াডাঙ্গায় প্রান্তিক নারীদের জন্য সাশ্রয়ী বাজার কর্মসূচির শুভ উদ্বোধন

পবিত্র মাহে রমজান উপলক্ষে প্রান্তিক নারীদের জন্য সপ্তাহব্যাপী সাশ্রয়ী মূল্যে বাজার কর্মসূচির ব্যাতিক্রমী উদ্যোগ গ্রহণ করেছে পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) চুয়াডাঙ্গা।

চুয়াডাঙ্গা পুনাকের নিজস্ব অর্থায়ন এবং জেলা পুলিশের সিনিয়র অফিসারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এ কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। সাশ্রয়ী বাজার কর্মসূচির আওতায় চুয়াডাঙ্গা জেলার প্রান্তিক নারীরা চাল, ডাল, তেল, চিনি, আলু, পেঁয়াজ, ছোলা, মুড়ি, বেসন ও খেজুরের মত ১০টি অত্যন্ত প্রয়োজনীয় খাদ্যপন্য চলতি বাজার মূল্যের অর্ধেক মূল্যে ক্রয় করার সুযোগ পাচ্ছেন।

আজ রবিবার সকাল ১১টায় পুলিশ লাইন্সের সম্মুখে পুলিশ ফুড পার্ক চত্বরে প্রান্তিক নারীদের জন্য সপ্তাহব্যাপী সাশ্রয়ী বাজার কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার এবং চুয়াডাঙ্গা পুনাকের প্রধান উপদেষ্টা আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা। কর্মসূচিটির সার্বিক সমন্বয় করছেন চুয়াডাঙ্গা পুনাকের সভানেত্রী মিসেস জান্নাতুল ফেরদৌস।

পুলিশ সুপার বলেন, আর্থিকভাবে অসচ্ছল অনেক মানুষই বিনামূল্যে পণ্য নিতে সম্মানিত বোধ করেন না। তাই পুনাক ও জেলা পুলিশের অফিসারদের সমন্বিত অংশগ্রহণে সাশ্রয়ী মূল্যের এই বাজার কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। পবিত্র মাহে রমজানে প্রান্তিক নারীদের সাশ্রয়ী মূল্যে নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহ করতে পেরে চুয়াডাঙ্গা জেলা পুলিশ ও পুনাক পরিবার স্বাচ্ছন্দ বোধ করছে। সপ্তাহব্যাপী কর্মসূচিটি আগামী ২৩ জানুয়ারি পর্যন্ত প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ০১টা অবধি চালু থাকবে।

পুনাক সভানেত্রী বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ইফতার পার্টির আয়োজন না করে চুয়াডাঙ্গা পুনাক জেলার প্রান্তিক নারীদের পাশে দাঁড়ানোর প্রয়াস নিয়েছে। ভবিষ্যতে এ ধরনের জনহিতকর কাজের ব্যাপ্তি বাড়ানোর প্রচেষ্টা অব্যাহত থাকবে।

উক্ত আয়োজনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পুনাক সাধারণ সম্পাদক মিসেস জোবায়দা আক্তার, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, কোষাধ্যক্ষ মিসেস সাবিনা ইয়াসমিন, পুলিশ হাসপাতালে মেডিকেল অফিসার হুমায়রা আক্তার সহ জেলা পুলিশের বিভিন্ন পদমর্যাদার অফিসারবৃন্দ।

দামুড়হুদা মডেল থানা পুলিশের অভিযানে সাজাপ্রাপ্ত আসামী গ্রেফতার

দামুড়হুদা মডেল থানা পুলিশের অভিযানে সাজাপ্রাপ্ত আসামীকে গ্রেফতার করা হয়েছে। আজ রবিবার বিকাল ৫টার দিকে উপজেলার হাউলী ইউনিয়নের নতুন বাস্তপুর গ্রাম থেকে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত হলো দামুড়হুদা উপজেলা নতুন বাস্তপুর গ্রামের মৃত ওয়াজ মন্ডলের ছেলে মোঃ আলী কদর।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আর এম ফয়জুর রহমানের দিকনির্দেশনায় দামুড়হুদা মডেল থানার পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) শেখ মাহবুবুর রহমান এর নেতৃত্বে দামুড়হুদা মডেল থানা পুলিশের অভিযানে ৩ মাসের সাজাপ্রাপ্ত একজন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

আজ রবিবার বিকাল ৫ টার দিকে এসআই ইউসুফ আলী সঙ্গীয় ফোর্সসহ দামুড়হুদা থানাধীন নতুন বাস্তপুর গ্রামে অভিযান চালায়। অভিযানে ওয়ারেন্টভুক্ত আসামি নতুন বাস্তপুর গ্রামের মোঃ আলী কদর কে গ্রেফতার করে।

দামুড়হুদা মডেল থানার পুলিশ পরিদর্শক (ওসি তদন্ত) শেখ মাহবুবুর রহমান জানান, ৩ মাসের বিনাশ্রম কারাদন্ডে দন্ডিত সাজা পরোয়ানাভুক্ত পলাতক আসামি আলী কদরকে গ্রেফতার করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে বিজ্ঞ আদালতে মামলা রয়েছে, তা বিচার প্রক্রিয়াধীন। আজ আসামিকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হবে।

মেহেরপুরের বিচার বিভাগের উদ্যোগে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস পালন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ, আলোচনা সভা, দোয়া মাহফিল, ইফতার বিতরন ও এতিমখানায় খাবার বিতরণের মধ্য দিয়ে মেহেরপুর বিচার বিভাগ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৪ পালন করেছে।

আজ রবিবার (১৭ মার্চ) মেহেরপুর জেলা জজ আদালত প্রাঙ্গণে স্থাপিত বঙ্গবন্ধুর অস্থায়ী প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন মেহেরপুর বিচার বিভাগের সদস্যগণ। অতঃপর জেলা জজ আদালতের মিলনায়তনে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুরের ভারপ্রাপ্ত অতিরিক্ত জেলা ও দায়রা জজের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আবুবকর সিদ্দিক। এ সময় এখানে জেলা জজ আদালত ও চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের সকল কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।

পরে সেখানে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

দোয়া মাহফিল শেষ উপস্থিত সকলের মধ্যে ইফতার সামগ্রী বিতরণ করা হয়। অতঃপর একটি এতিমখানা মাদ্রাসায় শিক্ষার্থীদের জন্য বিচার বিভাগ মেহেরপুরের পক্ষ থেকে খাবার পৌঁছে দেয়া হয়।

চুয়াডাঙ্গায় এতিম ও সুবিধা বঞ্চিত শিশুদের সাথে কুশল বিনিময় ও ইফতার

চুয়াডাঙ্গায় এতিম ও সুবিধা বঞ্চিত শিশুদের সাথে কুশল বিনিময় ও ইফতার করেছেন পুনাক সভানেত্রী সহ সদস্যবৃন্দ। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) চুয়াডাঙ্গার আয়োজনে এতিম ও সুবিধা বঞ্চিত শিশুদের সাথে সরকারি শিশু পরিবারে কুশল বিনিময় ও ইফতার করেন পুনাক সভানেত্রী ও মিসেস পুলিশ সুপার জান্নাতুল ফেরদৌস সহ পুনাকের অন্যান্য সদস্যগণ।

এ সময় পুনাক সভানেত্রী বলেন, ছোট্ট সোনামণিদের সঙ্গে ইফতার করতে পারার অনুভূতিটা অন্যরকম। তাদের মুখের মায়ায় আমাদের মন ভরে গেছে। তাদের পাশে থাকাটা আমাদের দায়িত্ব।

উক্ত আয়োজনে আরও উপস্থিত ছিলেন পুনাক সাধারণ সম্পাদক মিসেস জোবায়দা আক্তার, কোষাধ্যক্ষ মিসেস সাবিনা ইয়াসমিন, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, পুলিশ হাসপাতালের মেডিকেল অফিসার হুমায়রা আক্তার সহ পুনাকের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা জেলা কারাগারে সাজাপ্রাপ্ত কয়েদির মৃত্যু

চুয়াডাঙ্গায় জেলা কারাগারে সাজাপ্রাপ্ত আসামী দিলীপ কুমার বিশ্বাস (৪৭) নামের এক কয়েদির মৃত্যু হয়েছে। ২৪ দিনের ব্যবধানে চুয়াডাঙ্গা জেলা কারাগারে আটক থাকা দু জনের মৃত্যু হলো।

আজ শনিবার (১৬ মার্চ) বেলা সাড়ে বারোটার দিকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যান। দিলীপ কুমার বিশ্বাস ঝিনাইদহ জেলার শৈলকুপা থানাধীন আশুরহাটি গ্রামের শ্রী দেবেন্দ্রনাথ বিশ্বাসের ছেলে। চুয়াডাঙ্গা জেলা কারাগারের ভারপ্রাপ্ত জেলার মো. ফখর উদ্দিন এ তথ্য নিশ্চিত করেছেন

অপরদিকে, গত ২১ ফেব্রেয়ারী মাঝ রাতে জেলা কারাগারে আটক থাকা চুরি মামলার হাজতি মিঠু মিয়াকে (৩০) হাসপাতালে নেওয়ার কিছুক্ষণের মধ্যে মারা যায়।

চুয়াডাঙ্গা জেলা কারাগার সুত্রে জানা যায়, দিলীপ কুমার ঝিনাইদহের একটি চেক প্রতারণা মামলার এক বছরের সাজাপ্রাপ্ত আসামী ছিলেন। চুয়াডাঙ্গায় আরও একটি মামলা থাকায় গত ৯ মার্চ ঝিনাইদহ জেলা কারাগার থেকে চুয়াডাঙ্গা জেলা কারাগারে হস্তান্তর করা হয়। শুক্রবার কারাগারে হঠাৎ অসুস্থ হয়ে পড়েন দিলীপ কুমার বিশ্বাস। তাৎক্ষনিক তাকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে আসলে প্রাথমিক চিকিৎসা শেষে দিলীপ কুমারকে পুরুষ মেডিসিন ওয়ার্ডে ভর্তি করেন চিকিৎসক। আজ শনিবার বেলা সাড়ে ১২টার দিকে চিকিৎসাধীন অবস্থায় তিনি মারা যায়।

ভারপ্রাপ্ত জেলার মো. ফখর উদ্দিন বলেন, চিকিৎসকের মতে দিলীপ কুমার বিশ্বাস স্ট্রোকে আক্রান্ত হয়ে মারা গেছেন। মৃত্যুর সঠিক কারণ নির্ণয় করতে সুরতহাল প্রতিবেদন প্রস্তুত শেষে ময়নাতদন্ত সম্পন্ন করা হবে।

আলমডাঙ্গায় বিশ্বভোক্তা অধিকার দিবস উপলক্ষে আলোচনা সভা

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে বিশ্ব ভোক্তা অধিকার দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্টিত হয়েছে।

গতকাল সকাল সাড়ে ১০ টার দিকে আলমডাঙ্গা উপজেলা পরিষদ হলরুমে আসন্ন পবিত্র মাহে রমজানের পবিত্রতা রক্ষা ও দ্রব্যমুল্য স্থিতিশীল রাখার লক্ষে বিশ্ব ভোক্তা অধিকার দিবস উপলক্ষে এ আলোচনা সভা অনুষ্টিত হয় ।

সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার স্নিগ্ধা দাস। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ আব্দুল্লাহিল কাফি, পৌর সভার প্যানেল মেয়র খন্দকার মজিবুল হক। কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামিম রেজার উপস্থাপনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সমাজ সেবা কর্মকর্তা নাজমুল হক, উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জাহা, খাদ্য কর্মকর্তা আব্দুল হামিদ, মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, বিশিষ্ট ব্যাবসায়ি সার মালিক সমিতি হাজী রফিক মিয়া, বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, কোষাধ্যক্ষ আলাউদ্দিন আহমেদ, ইসলামি ফাউন্ডেশনের সুপার ভাইজার আক্তারউজ্জামান, সেনেটারি ইনস্টেক্টর নিজাম উদ্দিন, আনছার ভিডিপি কর্মকর্তা আজিজুল হাকিম, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হামিদুল ইসলাম প্রমুখ।

সভায় আসন্ন পবিত্র মাহে রমজান উপলক্ষে বাজার স্থিতি রাখা, ভেজাল পন্য বিক্রয় না করা, ভোক্তাদের নাগালের মধ্যে পন্যের দাম ঠিক রাখার বিষয়ে সিদ্ধান্ত হয়। বনিক সমিতির সভাপতি, সম্পাদক সহ সকল ব্যবসায়ী সংগঠনকে সহায়তা করতে আহবান জানানো হয়।

দামুড়হুদায় বিশ্ব ভোক্তা অধিকার দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

“স্মার্ট বাংলাদেশ গড়ি ভোক্তার স্বার্থে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করি” প্রতিপাদ্য নিয়ে দামুড়হুদা উপজেলায় বিশ্ব ভোক্তা

অধিকার দিবস -২০২৪ উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সকাল ১০টার দিকে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে র্যালি ও আলোচনা সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা।

তিনি বলেন রমজান মাস উপলক্ষে কেউ বেশি দামে পণ্য বিক্রি করলে আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে। সততার সাথে সবাইকে ব্যবসা করতে হবে। রমজান মাসে বাজার মনিটরিং আরো বাড়ানো হবে। কেউ যেন বেশি দামে ভোক্তাদের কাছে পণ্য বিক্রি না করতে পারে। সেদিক সবাইকে নজর রাখতে হবে। এই ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের এই দিবস পালনের প্রত্যাশা থাকবে বাজার মনিটরিং ও নিয়ন্ত্রণ রাখা। তাহলে সুষ্ঠু সুন্দর দেশ গড়ে উঠবে।

অনুষ্ঠানে উপজেলার সকল অফিসার বৃন্দ, সমাজসেবক, বিভিন্ন বাজার কমিটির সভাপতি সাধারণ ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে ভোক্তা অধিকার দিবস পালিত

কোটচাঁদপুরে ভোক্তা অধিকার দিবস পালিত হয়েছে। তবে দিবসে ছিলেন না জনপ্রতিনিধি ও ব্যবসায়িরা। আজ শুক্রবার স্থানীয় অফিসার্স ক্লাবে এ বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে সভায় সভাপতিত্ব করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কমান্ড কাউন্সিলের সাবেক মুক্তি যোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম, কোটচাঁদপুর পৌর আওয়ামী লীগের সভাপতি কাজী আলমগীর হোসেন।

এ ছাড়া উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসাহক আলী, কোটচাঁদপুর থানার উপপরিদর্শক (এসআই) শামীম হোসেন, প্রকল্প কর্মকর্তা জহুরুল ইসলাম, উপজেলা ক্যাবের সভাপতি

প্রভাষক তুহিন, সদস্য শরিফুজ্জামান আগা খান ও গণমাধ্যম কর্মী সুব্রত কুমার।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন উপজেলা তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা।দিবসটি নিয়ে বক্তারা বাজার ব্যবস্থা, বাজার মনিটরিং সহ বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন।

ঝিনাইদহে বিশ্ব ভোক্তা-অধিকার দিবস পালিত

“স্মার্ট বাংলাদেশ গড়ি, ভোক্তার স্বার্থে কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করি” এই প্রতিপাদ্য নিয়ে ঝিনাইদহে বিশ্ব ভোক্তা অধিকার দিবস পালিত হয়েছে।

আজ শুক্রবার সকালে ঝিনাইদহ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে জেলা প্রশাসন ঝিনাইদহ এবং জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ঝিনাইদহ জেলা কার্যালয়ের উদ্যোগে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) রথীন্দ্র নাথ রায় এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

ভোক্তা অধিদপ্তর ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক নিশাত মেহের এর উপস্থাপনায় বক্তব্য রাখেন ক্যাব ঝিনাইদহ জেলা শাখার সভাপতি আমিনুর রহমান টুকু, বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন, এন এম শাহজালাল, ঝিনাইদহ জেলা রিপোর্টার্স ইউনিটির সভাপতি এম এ কবীর, হাফিজুর রহমান, ঝিনাইদহ জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা সাধন সরকার, টিসিবি ঝিনাইদহ কার্যালয়ের সহকারী পরিচালক আতিকুর রহমান, ক্যাব ঝিনাইদহ জেলা শাখার সাধারণ সম্পাদক শরিফা খাতুন পমুখ। সভায় প্রামান্য চিত্র প্রদর্শনীর মাধ্যমে ভোক্তাদের অধিকার সংরক্ষণ এবং আইনি প্রতিকার বিষয়ক তথ্য তুলে ধরা হয়।

প্রধান অতিথির বক্তৃতায় জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম বলেন, ভোক্তাদের অধিকার রক্ষায় সরকার নানামুখী পদক্ষেপ নিয়েছে। এরই

ধারাবাহিকতায় ২০০৯ সালের ৬ এপ্রিল ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন প্রণয়ন করে। তিনি বলেন কোন না কোন ভাবে আমরা সকলেই ভোক্তা, এ জন্য আমাদের সচেতন হতে হবে।

সভায় জেলার বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি, সরকারী দপ্তরের কর্মকর্তা এবং ভোক্তা অধিকার নিয়ে কাজকরা স্বেচ্ছাসেবী উপস্থিত ছিলেন।

গাংনীতে মানবপাঁচার মামলার আসামি গ্রেফতার

মেহেরপুরের র্যাব-১২, সিপিসি-৩ কোম্পানী কমান্ডারের অভিযানে মানবপাঁচার মামলার এজাহারনামীয় পালাতক আসামি মোঃ আমিরুল ইসলাম
(৪২) গ্রেফতার করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকেল ৪ টার দিকে গাংনী উপজেলার সাহারবাটি সাকিনস্থ চারচারা বাজারে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামি মোঃ আমিরুল ইসলাম (৪২) গাংনী উপজেলার সাহেবনগর গ্রামের মৃত রঞ্জিত মন্ডলের ছেলে।

মেহেরপুর র্যাব-১২, সিপিসি-৩ কোম্পানী কমান্ডার এএসপি মোঃ মনিরুজ্জামান নেতৃতে একটি চৌকষ আভিযানিক দল গাংনী উপজেলার সাহারবাটি সাকিনস্থ চারচারা বাজারে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।

আসামি মোঃ আমিরুল ইসলাম এলাকার বিভিন্ন পর্যায়ের ১৪০-১৫০ জন ছেলের অবিভাবকদের নিকট থেকে ৪,৮০,০০০/- টাকা হতে ৫,০০,০০০/- টাকা নিয়ে ভাল কাজ দিবে বলে মালয়েশিয়ায় পাঠানোর প্রতিশ্রুতি দেয়। মালয়েশিয়ায় পাঠানোর পরে তাদের কাজ না দিয়ে উল্টো তাদের পরিবারের কাছ থেকে মুক্তিপণ দাবি করত। এসময় তাদের পরিবারের লোকজন গাংনী থানার মামলা নং-৩২, তারিখ-২৮/০২/২৪ ইং, ধারা- মানবপাঁচার প্রতিরোধ ও দমন আইন ২০১২ এর ৬/৭/৮/৯ মানবপাঁচার

মামলা করে। ঐই মামলায় গ্রেফতারকৃত আসামি মোঃ আমিরুল ইসলামকে ০৪নং আসামী করা হয়।

পরে গ্রেফতারকৃত আসামিকে মামলার তদন্তকারী কর্মকর্তা গাংনী থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।